

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ অধিশাখা
www.sid.gov.bd

জনশুমারিতে তথ্য দিন
উন্নয়নে অংশ নিবন

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান (ইসিডিএস) সেলের Pilot Survey on 'Sex, Age and Disability Disaggregated Data (SADDD) for Disaster Risk Reduction and Climate Change Adaptation' শীর্ষক রিপোর্ট চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত যাচাই-বাছাই কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : শেখ মোঃ কাবেদুল ইসলাম
অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ ও সময় : ২৬ এপ্রিল ২০২২, ১২টা (মঙ্গলবার)
স্থান : সম্মেলনকক্ষ ব্লক-বি
উপস্থিত কর্মকর্তাদের হাজিরা : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তাঁর অনুমতিক্রমে উপসচিব মোসাঃ কামনুন্নাহার সভা আহ্বানের কারণ ও আলোচ্যবিষয় সভাকে অবহিত করেন। রিপোর্টের বিষয়ে সংক্ষিপ্ত উপস্থাপনের জন্য জনাব মোঃ রফিকুল ইসলাম (যুগ্মপরিচালক) ও প্রকল্প পরিচালক বিবিএসকে অনুরোধ জানান।

২। জনাব মোঃ রফিকুল ইসলাম (যুগ্মপরিচালক) বলেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা; প্রেক্ষিত পরিকল্পনা; টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি); সেন্দাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকশন (এসএফডিআরআর), প্যারিস অ্যাগ্রিমেন্ট প্রভৃতির আলোকে UN Women-এর কারিগরি ও আর্থিক সহযোগিতায় দুর্যোগ ঝুঁকি প্রশমন ও জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় অত্যন্ত গুরুত্বপূর্ণ Sex, Age and Disability Disaggregated Data বিষয়গুলো নিয়ে বিবিএস কাজ করছে। এসংক্রান্ত কার্যক্রম কীভাবে প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে বাস্তবায়ন করা যায় সে লক্ষ্য সামনে রেখে বিবিএস কর্তৃক দুর্যোগপ্রবণ ৩টি উপজেলা (সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলা, কক্সবাজার জেলার টেকনাফ উপজেলা, কুড়িগ্রাম জেলার চিলমারি উপজেলা) হতে মানসম্মত ও গ্রহণযোগ্য নমুনায়ন পদ্ধতি অনুসরণপূর্বক পাইলট জরিপটি পরিচালনা করা হয়। পাইলট জরিপে প্রাপ্তের ১০টি মডিউলের মাধ্যমে সাক্ষাৎকারের ভিত্তিতে নমুনা খানা হতে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়। তিনি আরও বলেন, এ পাইলট জরিপ কার্যক্রমটি বাংলাদেশসহ আরও ২টি দেশ যথা ক্যান্সাডিয়ায় ও ভিয়েতনামে বাস্তবায়িত হচ্ছে।

৩। সভায় যাচিত অংশের উপর কমিটির সদস্যগণ পর্যায়ক্রমে মতামত প্রদানসহ কিছু বানান ভুল ও বাক্যবিন্যাসে অসঙ্গতি তুলে ধরেন।

৪। সভাপতি বলেন, রিপোর্টটিতে কমিটির সদস্যগণ কর্তৃক আনীত বাক্যবিন্যাসে অসঙ্গতি, শব্দচয়নে অসামঞ্জস্যসহ যে ভুল-ত্রুটি চিহ্নিত করে সংশোধনের সুপারিশ করা হয়েছে তা পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে সংশোধন করতে হবে।



৫। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) রিপোর্টটিতে যেসকল বানান ভুল ও বাক্যবিন্যাসে অসঙ্গতি পাওয়া গিয়েছে সেগুলো সংশোধন করতে হবে।

(খ) সংশোধিত রিপোর্ট অতি দ্রুত অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), বরাবর দাখিল করতে হবে।

৬। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(শেখ মোঃ কাবেদুল ইসলাম)

অতিরিক্ত সচিব

পরিচিতি নং ৪৫৪১ (প্রশাসন)

ও

সভাপতি

প্রতিবেদন যাচাই-বাছাই কমিটি

